



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



জুনুরি

তারিখ: ৭ অগ্রহায়ণ ১৪২৮

২২ নভেম্বর ২০২১

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.০৬.০০১.১৭.৮০৫

বিষয়: **সরকারি গুদামে বিক্রিত ধানের মূল্য পরিশোধ (EFT) সেবা সহজীকরণ।**

সূত্র: ১। কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা'র ২৭/৭/২০২১ তারিখের ২৩৩নং স্মারক;
২। খাদ্য মন্ত্রণালয়ের ১৬/৬/২০২১ তারিখের ১২৩নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকসময়ের অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, 'বোরো' ২০২১ মৌসুমে দিনাজপুর জেলার সদর ও বিরল উপজেলায় পেয়িং ও পুনর্ভব ব্যাংক হিসেবে নিযুক্ত সরকারি অঞ্চলী/সোনালী ব্যাংকের মাধ্যমে প্রচলিত ব্যাংকিং সিস্টেমের মাধ্যমে সরকারি কোনো অতিরিক্ত খরচ ব্যতিরেকে সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নে অবস্থিত কৃষকের বাড়ির নিকটস্থ সিডিউলভূক্ত যেকোনে ব্যাংকের মাধ্যমে ধানের মূল্য পরিশোধ সেবা সহজীকরণ বিষয়ক প্রস্তাবিত আইডিয়াটি পাইলট হিসেবে বাস্তবায়নের জন্য সূত্রস্থ স্মারকে খাদ্য মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন করা হয়। উক্ত আইডিয়াটি অভ্যন্তরীণ আমন সংগ্রহ' ২০২১-২২ মৌসুমে ৮টি বিভাগের ৮টি সদর উপজেলায় সম্প্রসারণপূর্বক বিষয়টির কার্যকারিতা যাচাই করা আবশ্যিক মর্মে খাদ্য মন্ত্রণালয় ও অধিদপ্তরের মধ্যে অনুষ্ঠিত ইনোভেশন বিষয়ক সভায় মতামত প্রকাশ করা হয়েছে।

এমতাবস্থায়, অভ্যন্তরীণ আমন সংগ্রহ, ২০২১-২২ মৌসুমে ৮(আট) বিভাগের ৮(আট) সদর উপজেলায় সরকারি গুদামে বিক্রিত ধানের মূল্য পরিশোধ (EFT) সেবা বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।

২২-১১-২০২১

আব্দুল্লাহ আল মামুন

অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব)

ফোন: +৮৮-০২২২৩০৮১৮৭১

ইমেইল: adg@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,
ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.০৬.০০১.১৭.৮০৫/১(১১)

তারিখ: ৭ অগ্রহায়ণ ১৪২৮

২২ নভেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়
- ২) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর
- ৩) অতিরিক্ত সচিব, বাজেট ও অডিট অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়
- ৪) পরিচালক, প্রশাসন/ সববি/ চসসা/ হিসাব ও অর্থ/ সংগ্রহ/ পটুকা/ প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৫) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়

২২-১১-২০২১

আব্দুল্লাহ আল মামুন

অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব)